

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১২, ঢাকা
৩/৪, পুরানা পল্টন, মদিনা টাওয়ার (৩য় তলা), ঢাকা-১০০০।
Website: taxeszone12dhaka.gov.bd

নথি নং: পি.এফ/কঃঅঃ-১২/২০২১-২০২২/

তারিখঃ

অফিস আদেশ

যেহেতু আপনি জনাব মোঃ শোভন ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সার্কেল-২৫৮ (সাভার), কর অঞ্চল-১২, ঢাকার একজন কর্মচারী এবং

২। যেহেতু আপনার বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগে যশোর কোতয়ালী মডেল থানায় ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ২৩(২)/২৫/৩০/৩১(২)/৩৫ ধারায় মামলা দায়ের করা হইয়াছে, যাহার মামলা নং - ০৩, তারিখ ০২.০৯.২০২১ খ্রিঃ এবং দায়েরকৃত মামলায় ০২.০৯.২০২১ খ্রিঃ তারিখে ঢাকা জেলার সাভার থানাধীন মুক্তির মোড় এলাকা হইতে আপনি গ্রেফতার হইয়াছেন এবং আপনাকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হইয়াছে এবং এজাহারকারীর আপোষনামা এবং অনাপত্তি জ্ঞাপনের ভিত্তিতে আপনাকে জামিন প্রদান করা হইয়াছে।

৩। যেহেতু উপর্যুক্ত কারণে আপনার বিরুদ্ধে গুরুতর অভিযোগ থাকায় এবং উক্ত অভিযোগসমূহ এইরূপ গুরুতর প্রকৃতির যে, মামলা চলাকালীন আপনাকে দায়িত্ব পালন করতে দেওয়া সমীচীন নয়।

৪। সেহেতু সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(২), বাংলাদেশ সার্ভিস রুলস; পার্ট-১ এর ৭৩ বিধির নোট-(২) এবং মেমোরেন্ডাম নং-ED(Reg-VI)S-12/78/115(500), তারিখঃ ২১ নভেম্বর, ১৯৭৮ অনুযায়ী গ্রেফতারের তারিখ : ০২.০৯.২০২১ খ্রিঃ হইতে অত্র কর অঞ্চলের 'অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদ হইতে আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করা হইল।

৫। সাময়িক বরখাস্তকালীন সময়ে আপনি নিম্নরূপ বেতন ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হইবেন :

স্মারক নং-ED(Reg-IV)-202/83-39, তারিখঃ ১০ মে, ১৯৮৩ খ্রিঃ অনুসারে,

- বি এস আর-৭১ ও এফ আর-৫৩(বি) বিধির অধীনে মূল বেতনের অর্ধ হারে খোরাকী ভাতা;
- সাময়িক বরখাস্তের পূর্বের উত্তোলিত হারে পূর্ণ বাড়ী ভাড়া ভাতা;
- সাময়িক বরখাস্তের পূর্বের হারে বাড়ী ভাড়া প্রদানের ভিত্তিতে সরকারি বাসভবনে বসবাস করিতে পারিবেন;
- সাময়িক বরখাস্তের পূর্বের উত্তোলিত হারে পূর্ণ চিকিৎসা ভাতা;
- সাময়িক বরখাস্তের পূর্বের প্রাপ্য মহার্ঘ ভাতার অর্ধেক;

অর্থ মন্ত্রণালয়ের ২৪ জুন, ১৯৮০ তারিখের স্মারক নং অঃ মঃ/প্রবি-২/ভাতা-৮/৮০-১৬০ অনুসারে পূর্ণ হারে ক্ষতিপূরণ ভাতা, এবং

অর্থ বিভাগের স্মারক নং-অম-অবি(বা)৪-এফ, বি-১২-৮৪(অংশ)১০৭, তারিখঃ ৩০ জুলাই, ১৯৮৪ খ্রিঃ অনুসারে সাময়িক বরখাস্ত অবস্থায় সাময়িক বরখাস্তের অব্যবহিত পূর্বে আহরিত মূল বেতনের যে অংশ খোরাকী ভাতা হিসাবে প্রাপ্য সে অংশের সমান উৎসব ভাতা।

৬। বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি ৭৪ অনুযায়ী সাময়িক বরখাস্তকালে আপনাকে কোন প্রকার ছুটি প্রদান করা হইবে না।

৭। স্মারক নং-ED(Reg-VI)S-93/79-87(500), তারিখঃ ২ সেপ্টেম্বর, ১৯৮০ মোতাবেক সাময়িক বরখাস্ত অবস্থায় আপনি কর্মস্থলেই অবস্থান করিবেন। তবে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতিক্রমে অন্যত্র গমন করিতে পারিবেন।

৮। এই আদেশ ০২.০৯.২০২১ খ্রি. তারিখ হইতে কার্যকর হিসেবে গণ্য করা হইল।

স্বাক্ষরিত

(মোহাম্মদ আবুল মনসুর)
কর কমিশনার

নথি নংঃ পি.এফ/কঃঅঃ-১২/২০২১-২০২২/ ১৬০২ (১-০৩) তারিখঃ ২৫/১১/২০২১

অনুলিপি, সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

- ০১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০২। অতিঃ/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-১২, ঢাকা।
- ০৩। উপ/সহকারী/অতিরিক্ত সহকারী কর কমিশনার, উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল ২৫৮ (সাভার), ঢাকা।
- ০৪। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মানিকগঞ্জ/ঘিওর/সাভার।
- ০৫। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৬। জনাব মোঃ শোভন ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কর অঞ্চল-১২, ঢাকা।
- ০৭। নোটিশ বোর্ড, কর অঞ্চল-১২, ঢাকা।
- ০৮। সহকারী প্রোগ্রামার, ওয়েবসাইটে আপলোড করিবার জন্য।
- ০৯। অফিস কপি।

ফারজানা

২৫/১১/২০২১

(ফারজানা নাজনীন)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
ফোন : ০২-৪৭১১২২৪২